৯

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1 2 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫ ......

সংসদীয় কমিটির সভা

# বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ৯টি আইনের সংশোধনী চূড়ান্ত

(সংসদ বার্তা পরিবেশক)

জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ৮টি বিশ্ববিদ্যালয়ের একাধিক উপ-উপাচার্য নিয়োগ ও ইসলামী বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্যের পদ সৃষ্টির বিধান সংবলিত বিশ্ববিদ্যালয় বিষয়ক ৯টি আইনের সংশোধনী বিল চূড়ান্ত করেছে।

স্থায়ী কমিটির সভাপতি নূরুল ইসলাম-নাহিদের সভাপতিত্বে গতকাল সোমবার সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির সভায় আইনের সংশোধনীগুলো চূড়ান্ত হয়। অপরাপর যেসব বিশ্ববিদ্যালয়ের আইন সংশোধনী প্রস্তাব চূড়ান্ত হয়েছে সেগুলো হচ্ছে ঃ জাহাঙ্গীরনগর, রাজশাহী, চট্টগ্রাম, কৃষি, শাহজালাল ও খুলনা বিশ্ববিদ্যালয়। জাতীয় সংসদের বিগত অধিবেশনে এসব বিল উথাপিত হবার পর পরীক্ষা-নিরীক্ষার জন্য স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছিল।

সভাসূত্র জানায়, সভায় উপস্থিত বিএনপি দলীয় সাংসদ আলমগীর কবির ও মশিউর রহমান বিশ্ববিদ্যালয়ে একাধিক উপ-উপাচার্যের বিধান করার বিরোধিতা না করলেও উপ-উপাচার্যের সংখ্যা নির্দিষ্ট করার পক্ষে মত দেন। এই ভিন্নমতসহ বিলগুলো চূড়ান্ত হয়। এছাড়া, সভায় বিশ্ববিদ্যালয়গুলোর আইন-শৃংখলা পরি-

বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ১১ কঃ ৮

## বিশ্ববিদ্যালয় ঃ সংশোধনী

( ১ম পৃষ্ঠার পর )

স্থিতিসহ সাবিক পরিস্থিতি, শিক্ষার মান, স্বায়ত্তশাসন ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কার্যক্রম সম্পর্কেও আলোচনা হয়। এ বিষয়গুলো দীর্ঘ সময় ধরে আলোচনা হওয়া প্রয়োজন বলে মত ব্যক্ত করে সভায় সিদ্ধান্ত হয়- পরবর্তী সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হবে।

সভায় কমিটির সদস্য, শিক্ষামন্ত্রী এএসএইচ কে সাদেকসহ আওয়ামী লীগের হুইপ উপাধ্যক্ষ আবদুস শহীদ, অধ্যাপক আবদুল কুদ্দুস, কাজী সিরাজুল ইসলাম, জাতীয় পার্টির বেগম রওশন এরশাদ, বিএনপির আলমগীর কবির ও মশিউর রহমান যোগ দেন। শিক্ষাসচিব কাজী রকিব উদ্দিন আহমদ উপস্থিত ছিলেন।